# ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
# CYCLONE PREPAREDNESS PROGRAMME (CPP)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি-এর যৌথ কর্মসূচি
**A Joint Programme of Government of Bangladesh and Bangladesh Red Crescent Society**

নং ০৩.১০.০০০০.০০০.২০.০৩২-২০২০- ১০৭ তারিখঃ ২৭-০৮-২০২০ খ্রিঃ

**বিষয়ঃ ১৩ অক্টোবর, ২০২০ তারিখের আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসে 'সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার ২০২০' প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি'র) অধিভুক্ত ৪১ টি উপজেলা থেকে (প্রতি উপজেলা থেকে ১ জন পুরুষ ও ১ জন নারী স্বেচ্ছাসেবক) মোট ৮২ জন স্বেচ্ছাসেবককে তাদের কাজের স্বীকৃতিস্বরূপ প্রতিবছর শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক নির্বাচন করা হয়ে থাকে। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত বাছাই কমিটির মাধ্যমে উপজেলা শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক নির্বাচন করা হয়। বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবকদের নামের তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়।

এবছর ১৩ অক্টোবর ২০২০ তারিখে পুর্বের ধারাবাহিকতায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২০ উদযাপন অনুষ্ঠানে মোট ৮২ জন স্বেচ্ছাসেবককে তাদের কাজের স্বীকৃতি হিসেবে শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক নির্বাচন করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে 'সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার ২০২০' প্রদান করা হবে। পুরস্কার হিসেবে প্রত্যেকে নগদ ১০,০০০/- টাকা, ১ টি মেডেল ও সনদ প্রাপ্ত হবে।

**উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক বাছাই/নির্বাচন কমিটির গঠন নিম্মরূপঃ-**

| | |
|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) | সদস্য |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| বিডিআরসিএস প্রতিনিধি (ইউনিট লেভেল অফিসার) | সদস্য |
| উপজেলার দায়িত্বপ্রাপ্ত সিপিপি কর্মকর্তা | সদস্য সচিব |

**মূল্যায়ন প্রক্রিয়াঃ**

স্বেচ্ছাসেবকগণ আবেদনপত্রের ফরম পূরণ করে আনুষঙ্গিক প্রমাণকসহ আবেদন করবেন। আবেদন পত্রসমূহ মোট ১০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়িত হবে। উপজেলা কমিটি যাচাই বাছাইক্রমে সংশ্লিষ্ট উপজেলা হতে ১ জন নারী ও ১ জন পুরুষ সিপিপি স্বেচ্ছাসেবকের নাম সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন। জেলা প্রশাসক তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা হতে প্রাপ্ত তালিকা সমন্বয়ক্রমে উপজেলা ভিত্তিক তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

সে পরিপ্রেক্ষিতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির আওতাধীন ১৩ টি জেলার জেলা প্রশাসক এবং ৪১ টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারকে শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক নির্বাচন করে জেলা প্রশাসকের মাধ্যমে আগামী ১৫-০৯-২০২০ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ আবেদন পত্র ও মূল্যায়ন ছক।

২৭/৮/২০২০

আহমাদুল হক
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৩৫৩৮১৬

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষনঃ** অতিরিক্ত সচিব (সিপিপি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**অনুলিপিঃ**

১। উপ-পরিচালক/ সহকারী পরিচালক (সকল), সিপিপি--------------

**ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)**
প্রধান কার্যালয়
৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭
**www.cpp.gov.bd**

| |
|---|
| **সম্প্রতি তোলা পিপি সাইজ ২ কপি ছবি** |

# ‘সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার -২০২০’ এর জন্য আবেদন ফরম

**(ইতঃপূর্বে যারা সম্মাননা পেয়েছেন তাদের জন্য প্রযোজ্য নয়)**

**১। ব্যক্তিগত তথ্যঃ**

আবেদনকারী স্বেচ্ছাসেবকের নাম ঃ

পিতা/স্বামীর নাম ঃ	মাতার নাম ঃ

জন্ম তারিখ ঃ	মোবাইল নম্বর ঃ

শিক্ষাগত যোগ্যতা ঃ	জাতীয় পরিচয়পত্র নম্বরঃ

ঠিকানা- গ্রাম ঃ	ডাকঘরঃ	ইউনিয়নঃ

উপজেলা ঃ	জেলা ঃ	রক্তের গ্রুপ ঃ

**২। সিপিপি স্বেচ্ছাসেবক সংক্রান্ত তথ্যঃ**

সিপিপি ইউনিট নম্বরঃ	ইউনিয়নঃ	পদবীঃ

যোগদানের তারিখ ঃ

**৩। প্রশিক্ষণ ও দক্ষতা সংক্রান্ত তথ্যঃ**

ক) বিভাগীয় প্রশিক্ষণঃ i) মৌলিক প্রশিক্ষণ-(সন এবং স্থান উল্লেখ করতে হবে)

ii) বিশেষায়িত প্রশিক্ষণ (লিডারশিপ, প্রাথমিক চিকিৎসা, অনুসন্ধান ও উদ্ধার, আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা, ত্রাণ বিতরণ)-(প্রশিক্ষণের নাম, সন এবং স্থান)

খ) অন্য কোন সংগঠন হতে প্রাপ্ত প্রশিক্ষণ (স্কাউট, বিএনসিসি, যুব রেড ক্রিসেন্ট, ফায়ার সার্ভিস, আনসার-ভিডিপি, যুব উন্নয়ন, সমাজ সেবা, সমবায়, ন্যাশনাল সার্ভিস ও অন্যান্য)- (প্রতিষ্ঠান, সন, স্থান)

গ) মহড়া, সভা, সেমিনার, র‍্যালিতে অংশগ্রহণঃ

মহড়ায় সক্রিয় অংশগ্রহণ-(সন, স্থান, কী ভূমিকা পালন করেছেন)

সভা, সেমিনার, র‍্যালিতে অংশগ্রহণঃ (সন, স্থান)

**৪। কার্যক্রম তথ্য ঃ**

তার কর্মকালে সংঘটিত ঘূর্ণিঝড়ে সংকেত প্রচার/অনুসন্ধান ও উদ্ধার কাজ/প্রাথমিক চিকিৎসা প্রদান/অনুসন্ধান ও উদ্ধার/ত্রাণ বিতরণে উল্লেখযোগ্য দায়িত্ব পালনের বিবরণ ঃ (সন এবং সংখ্যা উল্লেখ করতে হবে)

৫। **বিশেষ অবদান সংক্রান্ত তথ্য ঃ** (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে এবং প্রমাণক দাখিল করতে হবে)

| কার্যক্রম | বিবরণ |
|---|---|
| সাহসিকতামূলক কর্মকান্ড | |
| স্বেচ্ছাসেবায় উদ্বুদ্ধকরণ কাজ | |
| স্ব-উদ্যোগে সমাজসেবামূলক কাজ | |
| অন্য কোন সমাজসেবামূলক অবদান (যেমন- আশ্রয়কেন্দ্র, কিল্লা, শিক্ষা প্রতিষ্ঠান, সিপিপি অফিস, মসজিদ ইত্যাদি নির্মাণে অবদান) | |
| দল গঠন/পরিচালনায় সামর্থ | |
| স্বেচ্ছায় রক্তদাতা কি না | |
| রেড ক্রিসেন্ট আজীবন সদস্য/স্কাউট, বিএনসিসি, আনসার ভিডিপি এর সদস্য কি না | |
| অন্য কোন প্রতিষ্ঠান থেকে কোন স্বীকৃতি/সম্মাননা পেয়েছেন কি না | |

**(বিঃদ্রঃ নিজ ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, আবেদনে প্রযোজ্য সকল কাগজের সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী/কারিনীর ফটো সংযুক্তি অপরিহার্য)**

**তারিখঃ**

**আবেদনকারীর স্বাক্ষর**

# সিপিপি স্বেচ্ছাসেবক সম্মাননা

## স্বেচ্ছাসেবক মূল্যায়ন শিট

**মূল্যায়নে সর্বমোট নম্বর- ১০০**

১। স্বেচ্ছাসেবক হিসেবে অভিজ্ঞতা- মোট নম্বর- ২০

| স্বেচ্ছাসেবক হিসেবে মেয়াদ | প্রাপ্ত নম্বর |
|---|---|
| ২৬-৩০ বছর | ২০ |
| ২১-২৫ বছর | ১৬ |
| ১৬-২০ বছর | ১২ |
| ১১-১৫ বছর | ৮ |
| ৫-১০ বছর | ৫ |

২। প্রশিক্ষণ ও দক্ষতা- মোট নম্বর- ১৮

| | | |
|---|---|---|
| বিভাগীয় প্রশিক্ষণ (০৪) | মৌলিক প্রশিক্ষণ | ২ |
| | বিশেষায়িত প্রশিক্ষণ | ২ |
| সভা, সেমিনার, মহড়ায় অংশগ্রহণ (০৪) | মহড়া | ২ |
| | দুর্যোগ প্রস্তুতিমূলক সভা, সেমিনার, র‍্যালিতে অংশগ্রহণ | ২ |
| বিশেষ প্রশিক্ষণ (১০) | স্কাউট/বিএনসিসি/যুব রেড ক্রিসেন্ট | ২ |
| | ফায়ার রেসকিউ | ২ |
| | আনসার-ভিডিপি | ২ |
| | যুবউন্নয়ন/সমাজসেবা/সমবায় | ২ |
| | ন্যাশনাল সার্ভিস ও অন্যান্য | ২ |

৩। সম্পাদিত কর্মকান্ড- মোট নম্বর- ২০

(স্বেচ্ছাসেবক উপ-দলভিত্তিক মূল্যায়ন করা হবে)

| উপ-দল | সেবার সংখ্যা | নম্বর |
|---|---|---|
| সংকেত প্রচার (২০) | ২০ এর অধিক | ২০ |
| | ১৬-২০ | ১৫ |
| | ১১-১৫ | ১০ |
| | ৬-১০ | ৫ |
| আশ্রয়কেন্দ্রে আনয়ন (ইভাকুয়েশন) (২০) | ২০ এর অধিক | ২০ |
| | ১৬-২০ | ১৫ |
| | ১১-১৫ | ১০ |
| | ৬-১০ | ৫ |

৫। **বিশেষ অবদান সংক্রান্ত তথ্য ঃ** (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে এবং প্রমাণক দাখিল করতে হবে)

| **কার্যক্রম** | **বিবরণ** |
|---|---|
| সাহসিকতামূলক কর্মকান্ড | |
| স্বেচ্ছাসেবায় উদ্বুদ্ধকরণ কাজ | |
| স্ব-উদ্যোগে সমাজসেবামূলক কাজ | |
| অন্য কোন সমাজসেবামূলক অবদান (যেমন- আশ্রয়কেন্দ্র, কিল্লা, শিক্ষা প্রতিষ্ঠান, সিপিপি অফিস, মসজিদ ইত্যাদি নির্মাণে অবদান) | |
| দল গঠন/পরিচালনায় সামর্থ | |
| স্বেচ্ছায় রক্তদাতা কি না | |
| রেড ক্রিসেন্ট আজীবন সদস্য/স্কাউট, বিএনসিসি, আনসার ভিডিপি এর সদস্য কি না | |
| অন্য কোন প্রতিষ্ঠান থেকে কোন স্বীকৃতি/সম্মাননা পেয়েছেন কি না | |

**(বিঃদ্রঃ নিজ ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, আবেদনে প্রযোজ্য সকল কাগজের সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী/কারিনীর ফটো সংযুক্তি অপরিহার্য)**

**তারিখঃ**

**আবেদনকারীর স্বাক্ষর**